# উপজেলা পরিষদ কার্যালয়
# দুপচাঁচিয়া, বগুড়া।
## নভেম্বর/২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ মোঃ ফজলুল হক প্রামানিক
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ ।
তারিখ ঃ ২৯/১১/২০২১খ্রিঃ।
সময় ঃ বেলা ১০.০০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ঠ ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় Covid-19 প্রতিরোধে এ প্রয়োজনী বিভিন্ন ধরনের পদক্ষেপ/উদ্যোগ এর কথা উপস্থাপন করেন। এ বিষয়ে সকলের মতামত ও পরামর্শের কামনা করেন। অতঃপর গত অক্টোবর/২১ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত অক্টোবর/২১ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব আছে কি-না তা জানানোর জন্য অনুরোধ করেন । গত অক্টোবর/২১ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হয়। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক আলোচ্য মাসের বিষয় ভিত্তিক অনুযায়ী বিভিন্ন দপ্তরের মাসের বিভাগওয়ারী আলোচনা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালে ঔষধ ও স্যালাইন মজুদ সন্তোষজনক। মহামারি বা অন্য কোন জটিল অজ্ঞাত রোগ দেখা যায় নি। অক্টোবর/২১ মাসের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে স্বাস্থ্য সেবা দেয়া হয়, তাঁর তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো ঃ- আন্তঃ বিভাগ ৬২২ জন, জরুরী ৭২৯ জন, বহিঃ বিভাগ ১১১৮৬ জন, কমিউনিটি ক্লিনিকে ২৫৪১৫ জন রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। এ ছাড়াও জরুরী বিভাগে বিষপানজনিত রোগীর সেবা দেয়া হয়েছে ০৯ জন। আন্তবিভাগে বেড অকুপেনসী ৮৭%। ইপিআই লক্ষ্যমাত্রা ১০০% কভারেজ। হাসপাতাল কমিউনিটি ক্লিনিক ও স্কুলে স্বাস্থ্য শিক্ষা প্রদান। আন্ত বিভাগে মৃত্যু কোন মৃত্যু নাই মাঠ পর্যায়ে শিশু মৃত্যু ০২ জন। ল্যাবরেটরীতে ২৯৬ জন সন্দেহজনক যক্ষা রোগীর কফ পরীক্ষা করা হয় ১৮ জন যক্ষা রোগী সনাক্ত করা হয়। সনাক্তকৃত যক্ষা রোগীদের বিনামূল্যে ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান করা হয়।<br>দুপচাঁচিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অপারেশন থিয়েটারে গত ১৬/০১/২০১৮ তারিখ চালুর উদ্বোধন করা হয় অক্টোবর/২১ মাসে ০৫টি সিজারিয়ানসহ অদ্যবধি পর্যন্ত ১৮৯ টি সিজাররিয়ান এবং ৭১৬ টি অন্যান্য মেজর অপারেশন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>সম্প্রতি সময়ে মহামারী রোগ (Covid-19) রোগের ভ্যাকসিন গ্রহণের জন্য সকলকে উদ্বুদ্ধকরণ এর কাজ চলমান।<br>মোট ইউজার ফি আদায় হয়েছে=২,১১,১৪৫/- টাকা। | সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা রোগীর ভ্যাকসিন গ্রহণের জন্য সকলকে উদ্বুদ্ধকরণ সহ ব্যপক প্রচারের অনুরোধ করা হলো। চিকিৎসা সেবার ক্ষেত্রে কেউ যেন হয়রানীর শিকার না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হলো। কমিউনিটি ক্লিনিকগুলোতে পরিদর্শন কার্যক্রম বাড়ানোর পদক্ষেপ নিতে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার এবং চেয়ারম্যান সকল ইউপি |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা প্রকৌশলী | আলোচনা-১<br>তিনি জানান যে, উপজেলা পরিষদের পুরাতন ভবনে স্থানান্তরিত অফিসগুলোর বরাদ্দপত্র উপজেলা পরিষদ হতে নেয়ার আহ্বান করেন। সংশ্লিষ্ট অফিসারদের উপজেলা পরিষদ হতে বরাদ্দপত্র নেয়ার জন্য আবেদন পত্র জমা দেয়ার অনুরোধ জানান। আবেদন সাপেক্ষে তাদের বরাদ্দপত্র দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাদের অফিস ভাড়ার আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | সিদ্ধান্ত-১<br>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পুরাতন ভবনে স্থানান্তরিত অফিসগুলোর বরাদ্দপত্র নেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | সভাপতি উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী অফিসার (সংশ্লিষ্ট) |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার | ক) তিনি জানান যে, খরিপ ২ মৌসুমে ১১৭০০ হেক্টর রোপা আমন ধানের চাষাবাদের লক্ষ্যমাত্র নির্ধারিণ করা হয়েছে। ইতোমর্ধে ১১,২০০ হেক্টর জামিতে রোপা আমন ধান ইতিমধ্যে কর্তন করা হয়েছে। গড় ফলন ৩.৩ মেঃ টন/হেক্টও (চালে)। চলতি রবি মৌসুমে আলু ৩০০০ হেক্টর, সরিষা ২৫০০ হেক্টও, শাকসবজি ২৫০ হেক্টর জমিতে রোপন সম্পন্ন হয়েছে। আলু ও সরিষার আবাদ চলমান রয়েছে।<br>সারের মজুদ<br>ইউরিয়া-২৭০মেঃ টন, টিএসপি ২৫ মেঃ টন, এমওপি -৬০ মেঃ টন, ডিএপি -২৫০মেঃ টন। | সভায় বিস্তারিত আলোচনান্তে রবি মৌসুমে আলু ও সরিষার আবাদ বৃদ্ধিও জন্য কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৪ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার | তিনি জানান যে, গত মাসে উপজেলা প্রাণী সম্পদ ও ভেটেরিনারী হাসপাতালে ২০০২ টি গবাদি প্রাণী ও ১৪৪৩১ টি হাঁস মুরগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। এবং ১৫১৪ টি গবাদি প্রাণী ও ৫৬৮০০ টি হাস মুরগীকে টিকা প্রদান করা হয়। কৃত্রিম প্রজনন ও, ভ্যাকসিন ফি ও খামার রেজিস্টেশন বাবদ ৫৪৮০৫/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়ছে। কৃত্রিম প্রজন্ন, ভ্যাকসিন ফি ও খামার রেজিস্টেশন বাবদ =৫৭৮৩৫/-টাকা সরাসরি সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।<br>বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে খামারিদের পরামর্শ প্রদান অব্যাহত রাখার অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিসার | তথ্য না পাওয়ায় দেয়া সম্ভব হলো না। | | |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | তিনি জানান যে, ইতোমধ্যে উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগীতায় ০৫টি কেন্দ্রের ২০২১ সালের এস এস সি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষার্থীদের পরীক্ষা সংক্ষিপ্ত সিলেবাসে নকলমুক্ত, দূর্নীতিমুক্ত পরিবেশে সম্পন্ন হয়েছে। তাছাড়া ৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের বার্ষিক ও নির্বাচনী পরীক্ষা অভিন্ন রুটিনে উপজেলা ব্যাপী সকল মাধ্যমিক (সমমান) প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হচ্ছে। প্রতিষ্ঠান সমূহে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও তার দপ্তরাধীন উপজেলা একাডেমিক সুপারভাইজার নিয়মিতভাবে মনিটরিং ও পরিদর্শন করছেন। তাছাড়া এইচএসসি পরিক্ষার্থী ২০২১ এর শিক্ষার্থীদেরকে জেলায় বিভিন্ন নির্ধারিত কেন্দ্রে মহামারী কোভিড-১৯ ভ্যাকসিন ফাইজারের টিকা নিশ্চিত করে পরীক্ষা গ্রহণের প্রস্তুতি চলছে। | সভায় বিস্তারিত আলোচান্তে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম বাড়ানোর তাগিত প্রদান করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | | |
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার | তিনি জানান যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের অধীনে ০২টি সিবিজির কার্যক্রম ও ০৬টি প্রদর্শনী কার্যক্রম দেখভাল করা হচ্ছে।<br>এনএটিপি-২প্রকল্পের অধীন ১২ টি সিআইজির কার্যক্রম দেখভাল করা হচ্ছে।<br>রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে স্থাপিত ০৩টি প্রদর্শনী পুকুরের কার্যক্রম দেখভাল করা হচ্ছে।<br>উপজেলার ০৬ টি ব্যাক্তিমালিকানাধীন পুকুর পরিদর্শসহ এবং ১০জন চাষির পুকুরে বিভিন্ন সমস্যা সমাধানের পরামর্শ প্রদান করা হয়।<br>ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে উপজেলার উন্নয়ন তহবিল এর অর্থে অত্র উপজেলার ০২টি পৌরসভার এবং ০৬টি ইউনিয়নের মোট মৎস্য চাহিদার তালিকা তৈরী এবং তা ডাটাবেইজ করে সংরক্ষন ও প্রশিক্ষন প্রদান । | ব্যাক্তিমালিকানাধীন পুকুর এবং মৎস্য চাষিদের পুকুর পরিদর্শন কার্যক্রম বাড়ানো এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অক্টোবর/২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৪৪৬৮ জন, মোট গ্রহণকারী ৩৬৫৩১, গ্রহণকারীর হার সিএআর ৮২.১৫%<br>মোট গর্ভবতী ১০৬৬ জন, গর্ভকালীন পরিচর্যা (এএনসি) ৩২৬ জন, ডেলিভেরী ২৪ জন, প্রসবোত্তর পরিচর্যা (পিএনসি)১১৫, সেবাপ্রাপ্ত শিশু ৮৫৫ জন, সাধারণ রোগী ২২০৭ জন, মোট জীবিত জন্ম ১৫২ জন, মোট মৃত্যু ৫৪ জন, শিশু মৃত্যু ০০, মাতৃমৃত্যু ০১।<br>আবাসন প্রকল্পের প্রতিবেদনঃ মাসের গোবিন্দপুর ইউনিয়নেরমোরগ্রাম আবাসন প্রকল্পের প্রতিবেদনঃ ব্যারাক সংখ্যা-০৭, হাউজের সংখ্যাঃ ৭০, জনসংখ্যাঃ ২৫১, দম্পতি সংখ্যা ৫৭ জন। মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৭ জন, সিএআর ৮২.৪৫% । | দুপচাঁচিয়া মা ও শিশু কল্যাণ কেন্দ্রে বিনা<br>মূল্যে ২৪ ঘন্টা নিরাপদ প্রসব সেবা প্রদান করা হচ্ছে এ বিষয়ে ব্যপক প্রচার ও প্রচারণা ও সেবা গ্রহীতাদের উদ্বুদ্ধকরণে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও চেয়ারম্যান (সকল) |
| ০৯ | উপজেলা সমাজ সেবা অফিসার | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং শিক্ষা উপবৃত্তির টাকা জিটুপি পদ্ধতিতে পরিশোধ চালু হয়েছে। জিটুপি পদ্ধতিতে ২০২১-২০২২ অর্থ বছরের ১ম কিস্তির পে-রোল প্রদান করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক থেকে ইএফটি প্রক্রিয়ায় ভাতাভোগীরা টাকা পেতে শুরু করেছে।<br>২০২০-২০২১ অর্থ বছরের হিজরা এবং অনগ্রসর জনগোষ্টির ভাতা জিটুপি পদ্ধতিতে প্রদান করা হবে। জিটুপি পদ্ধতিতে ভাতা প্রদানের জন্য এমআইএস এন্ট্রি সম্পন্ন করা হয়েছে।<br>প্রতিবন্ধী সনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। গত ১৭ নভেম্বর তারিখে ৬০০ জন জরিপে অংশগ্রহণ করে তার মধ্যে ৩৪০ জন ব্যক্তিকে প্রতিবন্ধী হিসেবে সনাক্ত করা হয়।<br>ক্যান্সার কিডনীসহ নির্ধারিত মোট ০৬টি রোগের জন্য দুপচাঁচিয়াতে আবেদন জমা গ্রহণ কার্যক্রম চলমান আছে। | জিটুপি পদ্ধতিতে ভাতা দেয়ার ক্ষেত্রে কতিপয় প্রতারক চক্র বা নিকট আত্মীয় ভাতাভোগীর টাকা উত্তোলন করে নিচ্ছেন এ বিষয়ে ভাতা ভোগীদের সচেতন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>দ্রুত নগদ হিসবা খুলে পে রোল প্রদান করতে হবে<br>প্রতিবন্ধী জরিপ ফরম পূরণ পূর্বক ডাটা এন্ট্রির কাজ শেষ করে প্রতিবন্ধী ব্যক্তিদের সূবর্ণ নাগরিক কার্ড বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজ সেবা অফিসার উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার মেয়রদ্বয় চেয়ারম্যান (সকল) |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>প্রান্তিক ১. কামার ২. কুমার ৩. নাপিত ৪. বাশ ও বেতপন্য প্রস্তুতকারক ৫. কাসা/পিতল পন্য প্রস্তুতকারক ৬. জতা প্রস্তুত/মেরামতকারী ৭. লোকজযন্ত্র ৮. লোকজশিল্পী ৯. শীতল পার্টি ১০. শতরঞ্জি ১৬ জন দুঃস্থ রোগী অনুদানের চেক বিতরণ করা হয় এবং জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা হতে ১৮টি স্বেচ্ছাসেবী সংস্থার মাঝে এককালীন অনুদানের চেক পাওয়া যায় যা বিতরণ করা হয়েছে। নতুন করে ২০২১-২০২২ অর্থ বছরের আবেদন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে।</td><td>নতুন আবেদন সমূহ জেলা সমাজ সেবা কার্যালয়, বগুড়ায় প্রেরণ করা হবে।<br>এসব জনগোস্টির জরিপ কার্যক্রম ঘোষনা করা হয়েছে তবে এখনও কেউ আসলে জরিপ কার্যক্রমের আওতায় আনা আনা হবে।</td><td></td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>ক) <u>চলমান কার্যক্রমঃ</u> অত্র উপজেলায় চলতি আমন ধান/চাল সংগ্রহ/২১-২২ খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে।<br><br>ধানের সংগ্রহ মূল্য প্রতি কেজি ২৭/- টাকা এবং চাল প্রতি কেজি ৪০/- টাকা ধানের লক্ষ্য মাত্রা ৬২৮ মেঃ টন এবং চালের লক্ষ মাত্রা ৬৫৭৬ মেঃ টন। এ পর্যন্ত ধান ১.০০০ মেঃ টন এবং ১৮০.৬০০ মেঃ টান সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>এ মৌসুমে ৩১৭ জন চালকল মালিকল ৫৪১৫.৩৯০ মেঃ টন চাল সরবরাহের জন্য চুক্তি করেছেন।<br><br>সেপ্টেম্বর-নভেম্বর/২১ প্রান্তিকের খাদ্যবান্ধব কর্মসূচিতে ১০/- টাকা কেজির চাল বিতরণের কার্যক্রম সুষ্ঠুভাবে শেষ হয়েছে।<br><br>অত্র উপজেলায় দুপচাঁচিয়া ও তালোড়া এলএসডিতে মোট মুজদ =৭১৫৯.৭৪৭ মেঃ টন। পর্যন্ত নিরাপত্ত মজুদ রয়েছে।<br><br><u>বাজার দর</u>
<table>
<tr><th>পন্য</th><th>পাইকারী প্রতি কেজি</th><th>খুচরা প্রতি কেজি</th></tr>
<tr><td>ধান (মোটা)</td><td>২৪/২৫-২৫/-</td><td>---</td></tr>
<tr><td>ধান (মাঝারি)</td><td>২৬/--২৭/-</td><td></td></tr>
<tr><td>ধান (চিকন)</td><td>৩৪/--৩৫/-</td><td></td></tr>
<tr><td>চাল (মোটা)</td><td>৩৮/৫০-৩৯/-</td><td>৪০-৪১/-</td></tr>
<tr><td>চাল (মাঝারী)</td><td>---</td><td>৪৩-৪৫/-</td></tr>
<tr><td>চাল (চিকন)</td><td>--</td><td>৫৬-৫৮/-</td></tr>
<tr><td>গম</td><td>---</td><td>৩১-৩২/-</td></tr>
<tr><td>আটা (খোলা)</td><td>---</td><td>৩৬-৩৭/-</td></tr>
<tr><td>আটা (প্যাকেট)</td><td>--</td><td>৩৭-৩৮/-</td></tr>
<tr><td>চিনি</td><td>---</td><td>৭৪-৭৫/-</td></tr>
<tr><td>লবণ (খোলা)</td><td>---</td><td>২৬-২৮/-</td></tr>
<tr><td>সয়াবিন তেল (খোলা)</td><td>---</td><td>১৫০-১৫২/-</td></tr>
<tr><td>সরিষা তেল (খোলা)</td><td>---</td><td>১৮০-১৮৫/-</td></tr>
</table>
</td><td>বাজারে চাল, ডাল, আটাসহ সব ধরণের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম যৌক্তিক পর্যায়ে রাখতে এবং চাহিদা ও সরবরাহের প্রতি নজর রাখতে অনুরোধ করা হলো।<br>তার কার্যালয়ের সার্বিক কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার</td><td>
<table>
<tr><th>কাজের বিবরণ</th><th>পর্যায়</th><th>প্রকল্প সংখ্যা</th><th>বরাদ্দকৃত টাকা/খাদ্যশষ্য পরিমান</th><th>ব্যয়িত টাকা/খাদ্য শস্যের পরিমান</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) উপজেলা ওয়ারী নগদ অর্থ</td><td>১ম</td><td>১২</td><td>১০,১৮,০৩৬/-</td><td>-</td><td>প্রকল্প তালিকা অনুমোদনের প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (কাবিটা) উপজেলা ওয়ারী নগদ অর্থ</td><td>১ম</td><td>১০</td><td>১৯২৫৬৭১/- টাকা</td><td>-</td><td>প্রকল্প তালিকা অনুমোদনের প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (কাবিখা) উপজেলা ওয়ারী চাল</td><td>১ম</td><td>০৮</td><td>৪০,৭৪৬৬ মেঃ টন চাল</td><td>-</td><td>প্রকল্প তালিকা অনুমোদনের প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (কাবিখা) উপজেলা ওয়ারী গম</td><td>১ম</td><td>০৮</td><td>৪০,৭৪৬৬ মেঃ টন গম</td><td>-</td><td>প্রকল্প তালিকা অনুমোদনের প্রক্রিয়াধীন</td></tr>
</table>
</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দ অনুযায়ী যথাসময়ে প্রকল্পের কাজ আরম্ভ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১২</td><td>উপজেলা সমবায় অফিসার</td><td>তথ্য না পাওয়ায় দেয়া সম্ভব হলো না ।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td><td>তিনি জানান যে, অত্র উপজেলার ০৬টি ইউনিয়নে ১৯৪০ জন ভিজিডি উপকারভোগীদের চাল ৩০ কেজি করে বিতরণ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুকুলে বরাদ্দ আদেশ প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছর হতে দুপচাঁচিয়া ও তালোড়া পৌরসভার ১০৩ জন কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা ভাতা ভোগীর বরাদ্দ পাওয়া গিয়েছে। নির্বাচনের জন্য মেয়রকে পত্র দেয়া হয়েছে। ০২টি পৌরসভার তালিকা যাচাই বাছাই এর কাজ চলছে। আইজিএ প্রশিক্ষন প্রকল্পের ০২টি ট্রেডে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষনার্থীদের ১২ম ব্যাচের প্রশিক্ষন চলবে। এছাড়াও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>সমাজ সেবা অফিসের ভাতা বিতরণের সকল কার্যক্রম উপজেলা পরিষদ কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো ।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td><td>তিনি জানান যে, অত্র উপজেলা বেকার প্রশিক্ষানান্তে বেকার যুব ও যুব মহিলাদের মাঝে ২০২১-২০২২অর্থ বছরে ৪৯,৫০,০০০/- লক্ষ টাকা যুব ঋন বিতরনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অর্থ বছরের বিতরণ ২১,৪০,০০০/- টাকা। শুরু থেকে এ পর্যন্ত ৩,৯৫০৭২০০/- টাকা বিতরণ করা হয়েছে। মাঠে প্রাপ্য ৬৬৫৭৪৭৩/- টাকা, নভেম্বর/২১ মাসে আদায় যোগ্য ২,০৩,০৪৬/- টাকা, আদায়কৃত ১৯৪৫৪৫/- কিস্তি খেলাপী হয়েছে ৮৫০১/- টাকা, কিস্তি খেলাপী আদায় হয়েছে ৬৪১৭৯/- টাকা মেয়াদ উত্তীর্ণ খেলাপীর পরিমান ১০,৬৭৩৪৪/-, মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋন আদায় হয়েছে ২৪৪১৫/- টাকা, চলমান আদায়ের হার ৯৫.৮১%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬.৪৯% ।</td><td>যুব ঋন বিতরণের চেয়ারম্যানদের পরামর্শ গ্রহণ করতে অনুরোধ করা হলো ।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>১৫</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য</td><td>তিনি জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১৫৬টি নলকুপের ১০০% কাজ সম্পূর্ণ হয়েছে ।<br>সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের দ্বিতীয় বরাদ্দের ১৫৬ টি নলকূপের বিভোজন সম্পূর্ণ হয়েছে।<br>অক্টোবর মাসে দুপচাঁচিয়া উপজেলায় ৬টি ইউনিয়নে ফিল্ড কটি দ্বারা ২২টি নলকূপের বিনামূল্যে আর্সেনিক পরীক্ষা করা হয়েছে ।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে যেসকল ইউপি চেয়ারম্যান তালিকা প্রদান করেন নি তাদের দ্রুত তালিকা উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য এর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো ।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাঁর বিভাগের কার্যক্রম প্রসংগে জানান তার বিভাগের মুখ্য কাজ ঋণ দেয়া ও ঋন আদায় করা এ প্রসংগে তিনি যে সেপ্টেম্বর/২১ মাসের যে তথ্য দেন। নিম্নে তা উল্লেখ করা হলো।
<table>
<tr><th rowspan="2">কর্জের প্রকার</th><th rowspan="2">কর্জদাদন</th><th rowspan="2">কর্জ আদায়</th><th rowspan="2">আদায়ের হার</th><th colspan="3">বাকী</th></tr>
<tr><th>চলতি</th><th>খেলাপী</th><th>মোট</th></tr>
<tr><td>স্বল্প মেয়াদী ফসলী</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>১.৭৭</td><td>১.৭৭</td></tr>
<tr><td>নিজস্ব তহবিল</td><td>১২.৪০</td><td>০.৪৬</td><td>৭%</td><td>১২.৪০</td><td>০</td><td>১২.৪০</td></tr>
<tr><td>মেয়াদী সেচ যন্ত্র</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>১.৬৪</td><td>১.৬৪</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৪০.৪০</td><td>৩৯.৫৫</td><td>৯৮%</td><td>৭০.৬২</td><td>০</td><td>৭০.৬২</td></tr>
</table></td><td>পল্লী উন্নয়ন বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার করতে তাগিদ দেয়া হলো।<br>মেয়াদোত্তীর্ণ ঋণের টাকা আদায়ে উপজেলা নির্বাহী অফিসারের সহযোহিতা কামনা করা হলো ।<br>আপনার দপ্তরের সমস্যাগুলো আগামী সভায় বিস্তারিত আলোচনা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>সদাইক</td><td>৬৬.৪৬</td><td>৬০.৬৩</td><td>৮৪%</td><td>৯৪.১৯</td><td>২৫.২১</td><td>১১৯.৩২</td></tr>
<tr><td>পল্লী প্রগতি</td><td>৫.০৬</td><td>৪.১৯</td><td>০</td><td>৩২.০০</td><td>১.৫৭</td><td>৩৩.৫৫৭</td></tr>
<tr><td>আদর্শ গ্রাম</td><td>১.৬৫</td><td>০</td><td>০</td><td>১.৬৫</td><td>০</td><td>১.৬৫</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>১.২৩</td><td>০.৩১</td><td>৬২%</td><td>৬.৬৩</td><td>০.৬৯</td><td>৭.৩২</td></tr>
<tr><td>অপ্রধান শস্য</td><td>২১.৭০</td><td>১২.৭৪</td><td>৪৫%</td><td>২৭.৯০</td><td>০</td><td>২৭৯০</td></tr>
<tr><td>[illegible]</td><td>৩.৭৫</td><td>০</td><td>৫৫%</td><td>৩.৬৫</td><td>০</td><td>৩.৬৫</td></tr>
<tr><td>মোট</td><td>১৫২.৬৫</td><td>১১৭.৮৮</td><td></td><td>২৪৯.০৪</td><td>৩০.৮৮</td><td>২৭৯.৮৩</td></tr>
</table>
সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আরও জানান যে, বিআরডিবি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে বিআরডিবি'র সকল কর্মসূচির মোট মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমান ৩০.৮৮ লক্ষ টাকা। তিনি মেয়াদোত্তীর্ণ ঋনের টাকা আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরও জানান পল্লী উন্নয়ন প্রশিক্ষন ভবনের হলরুম সংস্কার করা প্রয়োজন। এমতাবস্থায় উক্ত হল রুমটি সংস্কার করে ব্যবহার উপযোগী করার জন্য এবং সমবায়ীদের মানসম্মত প্রশিক্ষন প্রদানের বিষয়ে সুবিবেচনার জন্য অনুরোধ জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>১৭</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা</td><td>তিনি জানান যে, অত্র সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষন কেন্দ্র দুপচাঁচিয়া বগুড়া এর সরকারী কাজ স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২১ অর্থ বছরে বিক্রয় বিতরণের জন্য ২০,০০০ (কুড়ি) হাজার চারা উত্তোলনের কাজ চলছে। তাছাড়াও মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের ২৫০০টি চারা বিনামূল্যে বিতরণে জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে।এমপি মহোদয়ের প্রতিনিধির মাধ্যমে তালিকা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।</td><td>যে কোন চারা বিতরণের ক্ষেত্রে জনপ্রতিনিধিদের পরামর্শ গ্রহণ করতে অনুরোধ করা হলো।</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা</td></tr>
<tr><td>১৮</td><td>ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি</td><td>তিনি জানান যে, পবিস-১ এর আওতায় দুপচাঁচিয়া জোনাল অফিস এর সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সিস্টেম লস নিয়ন্ত্রনে সকল এ্যানালগ মিটার ডিজিটাল মিটার প্রতিস্থাপন করা চলমান রয়েছে। পর্যায়ক্রমে প্রাপ্তি সাপেক্ষে সেগুলি প্রিপেমেন্ট মিটার দ্বারা পরিবর্তন করা হবে।<br>বিভিন্ন পাড়া/মহল্লায় কিশোর/যুবকদের শীতকালে লাইন হতে সরাসরি হুকিং করে ব্যড মিন্টন খেলার আয়োজন করতে দেখা যায় বিষয়টি অত্যান্ত ঝুকিপূর্ণ এবং সরকারী সম্পদের অপচয় ও দন্ডনীয় অপরাধ এ বিষয় প্রতিরোধে সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।<br>অত্র সংস্থার সঠিক কর্মকান্ড গ্রাহক প্রান্তে পৌছে দেয়া এবং গ্রাহকের সমস্যা শুনা ও তাৎক্ষনিক সমাধানের জন্য অন লাইনের মাধ্যমে গনশুনানীর আয়োজন অব্যাহত রয়েছে।</td><td>সাধারণ জনগণ যেন হয়রানীর শিকার না হয় এ বিষয়ে সজাগ দৃস্টি রাখতে অনুরোধ করা হলো।</td><td>ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৯ | নির্বাহী প্রকৌশলী পিডিবি | | | |
| ২০ | উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প | তিনি জানান তার অফিসের নিম্নরুপ কার্যক্রম বর্ণনা করেনঃ<br>সমিতির সংখ্যাঃ ১৪২ টি, সদস্য অন্তর্ভূক্তিঃ ৮৩২০ জন, অনলাইনে এন্ট্রি হয়েছেঃ ৮৩২০ জন<br>মোট ক্রমপুঞ্জিত সঞ্চয় ঃ ৩৫৯.৯৭<br>মোট ক্রমপুঞ্জিত ঋন বিতরণঃ ২৪৬৬.৭০ মোট ক্রমপুঞ্জিত ঋন আদায় ঃ ১৮০৭.৫৫ মোট ক্রমপুঞ্জিত প্রকল্প সংখ্যাঃ ৯৭২৫ জন<br>সম্পদ বিতরণঃ টাকার পরিমান<br>১. গরু বিতরণ ঃ ১০০টি -১০০ জন ২০.০০<br>২. ঢেউটিন বিতরণ ১০০ বান্ডিল -৪৪জন ৪.৪০<br>৩. হাঁস-মুরগী বিতরণ -৩০ জন ১.৫০<br>৪. চারাগাছ বিতরন -৯০ জন .৯০<br>৫. সবজি বীজ বিতরণ ১২০ জন ১.২০<br>**মোট=৩৫৪ জন ২৮.০০ লক্ষ টাকা**<br>সম্পদ আদায় ঃ ৭.৪১, সমিতির শেয়ার আদায় ঃ ১.০৪<br>উপজেলার মোট তহবিল ১২২৫.৮১ লক্ষ টাকা। | উপজেলা সমন্বয়কারীকে ঋন বিতরণ ও ঋন আদায় কার্যক্রম সুষ্ঠভাবে করতে অনুরোধ করা হলো। | উপজেলা সমন্বয় কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ২২ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | | | |
| ২৩ | চেয়ারম্যান জিয়ানগর ইউ পি | তিনি জানান যে, জিয়ানগর ইউপির কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। মর্ত্তুজাপুর রাস্তা, বেড়ুঞ্জ বর্জ্য পুকুর রাস্তা করার বিষয়ে মাননীয় এমপি মহোদয়ের প্রতিনিধির সদয় দৃস্টি আকর্ষন করেন।<br>উপজেলা পরিষদের এডিপি'র পিআইসি অর্থ দ্রুত বিভোজন করার অত্র উপজেলা পরিষদ চেয়ারম্যানকে ধনবাদ জ্ঞাপন করেন।<br>ইউনিয়ন থেকে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হেক্সাসল বিনামূল্যে দেয়া অব্যাহত রয়েছে। | সভায় বিস্তারিত আলেচনান্তে উল্লেখিত রাস্তা করার বিষয়ে মাননীয় এমপি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। | চেয়ারম্যান জিয়ানগর ইউ পি |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৪ | চেয়ারম্যান সদর ইউ পি | | | |
| ২৫ | চেয়ারম্যান চামরুল ইউপি | তিনি জানান যে, চামরুল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানে দ্রুত অনুমোদনের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। Covid-19 মোকাবেলায় জনগণকে মাস্ক ব্যবহারের পরামর্শ দেয়া হয়েছে। উপজেলা পরিষদের এডিপি'র পিআইসি অর্থ দ্রুত বিভোজন করার অত্র উপজেলা পরিষদ চেয়ারম্যান কে ধনবাদ জ্ঞাপন করেন। | সভায় বিস্তারিত আলেচনান্তে চামরুল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানে দ্রুত অনুমোদনের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান দুপচাঁচিয়া চামরুল ইউপি |
| ২৬ | চেয়ারম্যান গুনাহার ইউপি | তিনি জানান যে, উপজেলা পরিষদের এডিপি'র পিআইসি অর্থ দ্রুত বিভোজন করার অত্র উপজেলা পরিষদ চেয়ারম্যানকে কে ধনবাদ জ্ঞাপন করেন। Covid-19 মোকাবেলায় জনগণকে মাস্ক ব্যবহারের পরামর্শ দেয়া হয়েছে। অত্র ইউনিয়ন থেকে মাস্ক বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। মাননীয় এমপি মহোদয়ের এঁর প্রতিনিধিকে তালুচ রাস্তাটি হাপুনিয়া পর্যন্ত করার বিষয়ে অনুরোধ জানান। এছাড়াও চাল ডাল তেল এগুলো ইউনিয়ন পরিষদ হতে দেয়া হচ্ছে। | Covid-19 মোকাবেলায় মাস্ক বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। | সভাপতি চেয়ারম্যান গুনাহার ইউপি |
| ২৭ | চেয়ারম্যান গোবিন্দপুর ইউপি ইউপি | তিনি জানান যে, আলতাফনগর হতে মথুরাপুর যাওয়ার রাস্তা মেরামত করার প্রস্তাব করেন। উপজেলা পরিষদের এডিপি'র টাকা দ্রুত বিভোজন করার প্রস্তাব করেন। ধারগুন, ফুটানীগঞ্জ রাস্তা, পাল্লাপাড়া হতে বলদাহার রাস্তার বিষয়ে মাননীয় এমপি মহোদয়ের প্রতিনিধির সদয় দৃষ্টি আকর্ষণ করেন। Covid-19 মোকাবেলায় জনগণকে মাস্ক ব্যবহারের পরামর্শ দেয়া অব্যাহত রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে এডিপি'র টাকা দ্রুত বিভোজন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান গোবিন্দপুর ইউপি ও উপজেলা প্রকৌশলী |
| ২৮ | চেয়ারম্যান তালোড়া ইউপি | তিনি জানান যে, Covid-19 মোকাবেলায় জনগণকে মাস্ক ব্যবহারের পরামর্শ দেয়া হয়েছে। অত্র ইউনিয়ন থেকে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হেক্সাসল বিনামূল্যে দেয়া অব্যাহত রয়েছে। Covid-19 মোকাবেলায় গণ জমায়েত বন্ধে বিভিন্নভাবে মাইকিং করা হচ্ছে। | Covid-19 মোকাবেলায় মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হেক্সাসল বিনামূল্যে দেয়া অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান তালোড়া ইউ পি |
| ২৯ | মেয়র তালোড়া পৌরসভা | | | |
| ৩০ | মেয়র দুপচাঁচিয়া পৌরসভা | | | |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩১</td><td>উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৩২</td><td>উপজেলা ভাইস চেয়ারম্যান</td><td>তিনি সকল অফিসার ও জনপ্রতিনিধিদের সমন্বয় করে কাজ করার আহ্বান জানান।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের কোন কাজ বিডি করে রাখা যাবে। কাজ যথাসময়ে শুরু করতে হবে এবং তা শেষ করতে হবে। অত্র উপজেলা পরিষদ হতে সাধারণ জনগন ও সরকারী কর্মকর্তা কর্মচারীদের মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার বিনামূল্যে বিতরণ অব্যহত রয়েছে।<br>তিনি উপজেলা পরিষদে ন্যস্তকৃত সকল বিভাগে দপ্তর প্রধানদের ষ্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিত আহ্বানের জন্য অনুরোধ জানান।</td><td>উপজেলা পরিষদে ন্যস্তকৃত সকল বিভাগে দপ্তর প্রধানদের ষ্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিত আহ্বানের অনুরোধ করা হলো।</td><td>উপজেলা ভাইস চেয়ারম্যান ও অফিসার (সকল)</td></tr>
<tr><td>৩৪</td><td>রক্ষণাবেক্ষণ ও রাজস্ব ব্যয় অনুমোদন প্রসংগে</td><td>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান উপজেলা পরিষদ কার্যালয়ের দৈনন্দিন ও অন্যান্য কাঁযাবলী পরিচালনা করতে অক্টোবর/২১ মাসের ২৯/১১/২০২১ তারিখ পর্যন্ত নিম্নরুপ ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন/পেশ করা হলোঃ-<br>নভেম্বর/২১ মাসের ২৯/১১/২০২১ তারিখ পর্যন্ত ব্যয়ঃ
<table>
<tr><td>০১</td><td></td><td></td></tr>
<tr><td>০২</td><td>নভেম্বর/২১ মাসের আপ্যায়ন বিল</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>নভেম্বর/২১ মাসের আনুষাঙ্গিক বিল</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>নিশান ভবনের সেফটিক ট্যাংকি পরিস্কার</td><td>৬৪০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>জেনারেটরের ব্যাটারী ক্রয়</td><td>২০৪৫০/-</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা নির্বাহী অফিসে কম্পিউটার মেরামত</td><td>৭৩৫০/-</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>৬৯২০০/-</td></tr>
</table></td><td>সভায় উপজেলার রাজস্ব ব্যয় ২০২১-২০২২ অর্থ বছরের নভেম্বর/২১ মাসের ২৯/১১/২০২১ তারিখ পর্যন্ত নিম্নরুপ ব্যয় =৬৯,২০০/- (উনসত্তর হাজার দুইশত) টাকা মাত্র অনুমোদন প্রসংগে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত ব্যয় রক্ষণাবেক্ষণ ও রাজস্ব ব্যয় যুক্তিযুক্ত ও যথাযথ হওয়ায় সভায় উপস্থিত সদস্যগণ উক্ত ব্যয় অনুমোদনে সম্মতি প্রদান করেন। উক্ত ব্যয় ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করতে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩৫ | | | | |
| ৩৬ | উপজেলা নির্বাহী অফিসার | তিনি জানান, Covid-19 মোকাবেলায় অত্র উপজেলা পরিষদ হতে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান বিনামূল্যে উপজেলা পরিষদ হতে দেয়া অব্যাহত রয়েছে। এছাড়া সরকারীভাবে ত্রান কার্যক্রম অব্যাহত রয়েছে। জনগনকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। তিনি আরও জানান যে বাল্য বিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন বন্ধে সকল জনপ্রতিনিধিকে তথ্য দিয়ে সহযোগীতা করতে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে Covid-19 মোকাবেলায় জনগনকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। বাল্য বিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন বন্ধে সকল জনপ্রতিনিধিকে তথ্য দিয়ে সহযোগীতা করতে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার এবং সদস্য (সকল) |

সভাপতি জানান যে, জনগণকে মাস্ক ব্যবহারের পরামর্শ দেয়া অব্যাহত রয়েছে। প্রত্যেক বিভাগীয় প্রধানকে তার স্ব-স্ব বিভাগীয় কাজের অগ্রগতির প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকতে অনুরোধ করেন এবং ইউপি চেয়ারম্যানগনকে সংশ্লিষ্ট ইউপি উন্নয়নমূলক কাজের অগ্রগতি ও প্রকল্প বাস্তবায়নে তথ্যাদি সহ সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হয়। এছাড়া অত্র উপজেলার উন্নয়নে সবাইকে মিলেমিশে একসাথে কাজ করার পরামর্শ প্রদান করেন।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফজলুল হক প্রামানিক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
এবং
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
দুপচাঁচিয়া,বগুড়া।
দূরভাষঃ০৫০২৪-৫১০১৯
Email: chairmanuzpd@gmail.com

উপজেলা পরিষদ কার্যালয়
দুপচাঁচিয়া, বগুড়া।

স্মারক সংখ্যা ঃ ০৫.৫০.১০৩৩.০০০.১৭.০১৫.২০২১- ৭১ তারিখঃ ২৯/১১/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, বগুড়া।
৪। ভাইস-চেয়ারম্যান/ভাইস -চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।
৫। মেয়র, দুপচাঁচিয়া/তালোড়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
৬। উপজেলা -------------------------------- কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া।
৭। চেয়ারম্যান--------------------------------- ইউপি (সকল), দুপচাঁচিয়া, বগুড়া।
৮। জনাব -----------------------------------দুপচাঁচিয়া, বগুড়া।

২৯/১১/২০২১
(মুহাঃ আবু তাহির)
উপজেলা নির্বাহী অফিসার
দুপচাঁচিয়া, বগুড়া।
ফোনঃ ০৫০২৪৫১০০১।
E-mail-unodupchanchia@mopa.gov.bd

## পরিশিষ্ট "ক"

জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়ঃ

০১। ২৯/১১/২০২১ খ্রিঃ তারিখে উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

| ক্রঃ নং | নাম ও পদবী |
|---|---|
| ১ | মোঃ ফজলুল হক প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২ | মুহা আবু তাহির, উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৩ | মোঃ আহম্মেদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৪ | মোঃ আব্দুল হাকিম তালুকদার, চেয়ারম্যান, জিয়ানগর ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৫ | মোঃ শাহজাহান আলী, চেয়ারম্যান, চামরুল ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৬ | শাহ মোঃ আব্দুল খালেক, চেয়ারম্যান, গুনাহার ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৭ | এস, এম, হেলাল, চেয়ারম্যান, গোবিন্দপুর ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৮ | মোঃ মেহেরুল ইসলাম, চেয়ারম্যান, তালোড়া পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৯ | চেয়ারম্যান, ইউসিসিএ লিঃ, দপচাঁচিয়া,বগুড়া। |
| ১০ | ডাঃ মোঃ আঃ কুদ্দুস মন্ডল, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১১ | মোঃ রবিউল আলম, উপজেলা প্রকৌশলী, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১২ | মোঃ সাজেদুল আলম, উপজেলা কৃষি অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৩ | ডাঃ মোছাঃ নাছরীন পারভীন, উপজেলা প্রাণী সম্পদ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৪ | মোঃ মকছেদ আলী প্রামানিক, উপজেলা মৎস্য অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৫ | মোঃ আল মামুন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৬ | আবু ফিরোজ শাহ্‌, উপজেলা সমাজ সেবা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৭ | মোঃ জাকারিয়া হোসেন, উপজেরা পঃ পঃ অফিসার, দুপচাঁচিয়া,বগুড়া। |
| ১৮ | মোঃ গোলাম মোর্শেদ, উপজেলা যুব উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া,বগুড়া। |
| ১৯ | মোঃ শরিফ আহম্মেদ, উপজেলা শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২০ | মোছাঃ রোকেয়া সুলতানা, উপজেলা সমবায় অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২১ | মোঃ মোতাহার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২২ | অরুন কুমার প্রামানিক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৩ | এ, টি, এম আক্তারুজ্জামান, ভারপ্রাপ্ত বন সম্প্রসারন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৪ | মাহফুজা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৫ | মোঃ মোছাদ্দেক কবির, নির্বাহী প্রকৌশলী নেসকো লিঃ, দুপচাঁচিয়া। |
| ২৬ | মোঃ মাহফুজার রহমান, উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৭ | মনোরঞ্জন কুমার কুন্ড, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৮ | মোছাঃ শাহরিন সুলতানা, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দুপচাঁচিয়া,বগুড়া। |

২। উপস্থিত প্রতিনিধি বৃন্দঃ মোঃ সোহেল রানা, প্রশিক্ষক, উপজেলা আনছার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া।

০৩। অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমোদিত)ঃ মাহবুবা নাসরিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ জাহাঙ্গীর আলম, মেয়র, দুপচাঁচিয়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
মেয়র, তালোড়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ তোজাম্মেল হোসেন, চেয়ারম্যান সদর ইউ পি, দুপচাঁচিয়া, বগুড়া।
এইচ.এম. আশরাফুল আরেফীন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ শাকিউল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, দুপচাঁচিয়া, বগুড়া।
অফিসার ইনচার্জ, দুপচাঁচিয়া থানা, দুপচাঁচিয়া,বগুড়া।
দেবাশীষ রায়, সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর, বগুড়া।
প্রশাসক, উপজেলা কমান্ড কাউন্সিল, দুপচাঁচিয়া, বগুড়া।
উপজেলা হিসাব রক্ষন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ নির্মল কুমার রায়, উপ মহাব্যবস্থাপক পল্লী বিদ্যুৎ সমিতি, দুপচাঁচিয়া,বগুড়া।
মোঃ হারুনুর রশীদ সরকার, উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, দুপচাঁচিয়া, বগুড়া।

০৪। অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতি ব্যতিত)ঃ